

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সীমান্ত শাখা-৩
border3@mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.১১৮.০৬.০৩৪.১৪- ৪৬৩

২৭ অগ্রহায়ণ ১৪২৪
তারিখ :-----
১১ ডিসেম্বর ২০১৭

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

জনাব,


ইতালীয় নৌবাহিনী হতে ক্রয়কৃত ২য় ব্যাচের ০২টি জাহাজ সিজিএস মনসুর আলী ও সিজিএস কামরুজ্জামান Refurbishment কার্য সমাপনান্তে আগামী ২১ ডিসেম্বর ২০১৭ বাংলাদেশে আগমন করবে বলে আশা করা যায়। জাহাজ ০২টি ইতালী হতে আনয়নের নিমিত্ত সিজিএস মনসুর আলী'র গানারী অফিসার হিসেবে কর্মরত লেঃ কমান্ডার ওমর ফারুক, (জি), বিএন (পি নং ১৭৮৯) এর পিতা শারীরিক অসুস্থতাজনিত কারণে ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) Life Support-এ চিকিৎসাধীন থাকায় জরুরি ভিত্তিতে তাঁকে বিমানযোগে নিজ খরচে মুম্বাই হতে বাংলাদেশে প্রত্যাবর্তনের অনুমতি প্রদান এবং একই সাথে তাঁর বিমোচক হিসেবে লেঃ কমান্ডার আব্দুল্লাহ আল মেহেদী, (জি), বিএন (পি নং ১৭৮২)-কে ভারত/শ্রীলংকা (মুম্বাই/কলম্বো) বন্দরে বিমানযোগে গমন ও সিজিএস মনসুর আলী জাহাজযোগে সমুদ্রপথে বাংলাদেশে প্রত্যাবর্তনের অনুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করছি :

শর্তসমূহ :

- লেঃ কমান্ডার আব্দুল্লাহ আল মেহেদী, (জি), বিএন (পি নং ১৭৮২) বিমানযোগে ঢাকা হতে ভারত/শ্রীলংকা (মুম্বাই/কলম্বো) বন্দরে গমন এবং জাহাজযোগে বাংলাদেশে আগমনকালীন ও বিভিন্ন বন্দরে অবস্থানকালীন সময় কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- উক্ত কর্মকর্তা ঢাকা হতে ভারত/শ্রীলংকা (মুম্বাই/কলম্বো) পর্যন্ত বিমান ভাড়া, টার্মিনাল চার্জ, ট্রানজিট ভাতা, বাধ্যতামূলক অবস্থান ভাতা, পোর্ট এ্যালাউন্স এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদি বাংলাদেশ সরকারকে (কোস্ট গার্ড সংশ্লিষ্ট খাত হতে) বহন করতে হবে।
- বর্ণিত কর্মকর্তা প্রাপ্য ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত হবেন না।

২। এ ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,



(মোঃ আলমগীর হোসেন)


সিনিয়র সহকারী সচিব

তারিখ : ১১ ডিসেম্বর ২০১৭

নং ৪৪.০০.০০০০.১১৮.০৬.০৩৪.১৪-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
- ২। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব, প্রশাসন শাখা-১, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ আলমগীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব